



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫- ৫৯২

তারিখঃ ২১/১২/১৭খ্রিঃ

বিষয়ঃ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদহ স্মারক নং ৪৭.৬২.৪৪০০.১০০.১৮.০০২.১২.৭৬৫ তাং ০৫.১২.১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের আওতায় ঝিনাইদহ সদর উপজেলার গোপীনাথপুর মধ্যপাড়া মহিলা সমিতির সদস্য জনাব সীমা খাতুন স্বামী-মোঃ সফিকুল ইসলাম “গাভী পালন” আইজিএ ভিত্তিক ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের জন্য একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ঝিনাইদহ সদর সরেজমিনে পরিদর্শনপূর্বক ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদনের সুপারিশ এবং উপপরিচালক বিআরডিবি, ঝিনাইদহ কর্তৃক প্রস্তাবটি অনুমোদনের সুপারিশের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ১,০০,০০০ (এক লক্ষ) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হ’ল।

শর্তসমূহঃ

১. উদ্যোক্তা সদস্য প্রস্তাবিত প্রকল্প ব্যায়ের অবশিষ্ট অংশ নিজে নির্বাহ করবেন।
২. চাহিত ঋণের ন্যূনতম সমপরিমাণ মূল্যের স্থাবর সম্পত্তির দলিল মরণেজ হিসেবে দাখিল করতে হবে (সাব রেজিস্ট্রি অফিসের মাধ্যমে মরণেজ করতে হবে); যদি ঋণী সদস্যের নিজ নামে কোন সম্পত্তি না থাকে তাহলে তার স্বামী/পিতার সম্পত্তির দলিল মরণেজ হিসেবে রাখতে হবে এবং তা শর্ত-০৪ এ উল্লিখিত চুক্তিপত্রে বিষয়টি অন্তর্ভুক্ত করে সদস্য ও তার স্বামী/পিতার সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
৩. উদ্যোক্তা সদস্যের পরিবারের সদস্য নয় এরূপ একজন বিশিষ্ট ব্যক্তির ঋণের জামিনদার হিসেবে সম্মতিপত্র দাখিল করতে হবে।
৪. ৩০০ (তিন শত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
৫. উপপরিচালক, বিআরডিবি সংশ্লিষ্ট জেলার বর্ণিত ঋণ আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণসহ তদারকি করবেন।
৬. আবেদনকৃত ঋণের ন্যূনতম ১৫% সঞ্চয় জমা থাকতে হবে।
৭. সাপ্তাহিক কিস্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে।
৮. মঞ্জুরীকৃত ঋণ সদস্যের নামে ক্রস চেকের মাধ্যমে প্রদান করতে হবে।
৯. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের সকল নীতিমালা অনুসরণ করতে হবে।

প্রকৌশলী মোঃ মঈনুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

উপপরিচালক

বিআরডিবি, ঝিনাইদহ।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫- ৫৯২

তারিখঃ ২১/১২/১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।

আল-আমিন
সহকারী পরিচালক (উন্নয়ন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।